শ্রীমতী।

সংকীর্ত্তন।

শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধু

কৃত।

কলিকাতা।

১৩০৮।

শ্রীমতী।

সংকীর্ত্তন।

শ্রীশ্রীপ্রভূ জগদ্বন্ধু কৃত।

কলিকাতা।

১৩০৮।

কলিকাতা প্রেস

১নং চড়কডাঙ্গা ষ্ট্রীট

শ্রীনৃপেন্দ্র নাথ মুখোপাধ্যায় দ্বারা

মুদ্রিত।

মূল্য চারি আনা।

সূচীপত্র।

———

শ্রীমতি।

সংকীর্ত্তন।

প্রভুজগদ্বন্ধুকৃত।

আরত্রিক।

সুহই।

কেল্লী কদম্বতলে যুগল আরতি।
কালিন্দীকলনাদিনী কুন্দন নতি॥
মণি দীপে ললিতা লবনা ললন।
লুণ্ঠা ললনা রাজি রণিত নিস্বন॥
শরে শর সখী ব্যূহ বন্দথানিকিনি।
তদম্বক্ষ তাণ্ডব পাণ্য পদ্মিনী॥
প্রসূনিত আতপত্র চিত্রাপঙ্কশাখে।
কেকী পিক শারিশুক গাণীয় শাখে॥
বিপঞ্চী পরিবাদিনী ঘন শুষির।
আতোদ্য আলিঙ্গ্য কল তারমন্দ্রাচির॥
প্রতিস্বন পুষ্কর সপ্তম জয় ন-রণ।
বন্ধু-ধীতি-লঞ্জাঞ্জিনী-পীযূষ-বাসন॥

আরত্রিক ।

কেদার ।

আরত্রিক মিলিতাঙ্গ শ্রীরাসমণ্ডলে ।
অবশ সখী সব নেহারে বিহ্বলে ॥
মনসিজ পরাজিত পতিত ভূতলে ।
শারিশুক পিকক্লান্ত ভাষে অশ্রুজলে ॥
নিশিথিনী নিরব নমে কুতুহলে ।
তারকা চন্দ্রমা অম্বুদে ঢলে ॥
যমুনা কঞ্জনয়না বিরামে চলে ।
পুষ্প সেবি বনদেবি আবাসে টলে ॥
রসিতা রজঃ রাণী সম্বরে কুন্তলে ।
বন্ধুশিক্ষা দ্বাররক্ষা তোরণতলে ॥

আরত্রিক।

সুহই।

অষ্টাপদ সিংহাসনে গৌর গদাধর।
মণিদীপিকা করে স্বরূপ দামোদর॥
আরত্রিক মঙ্গল মুকুন্দ রোল।
প্রিয়গন মগন ঘন হরি বোল॥
কুসুমিত চামর রামানন্দ করে।
মতিছত্র মুরারি ধরে অম্বরে॥
শান্তিপুর নাথ অগ্রে নর্ত্তন গর্জ্জন।
সবে মিলি মণ্ডলি মধুর কীর্ত্তন॥
ভারতী ভাষমানা বণ্যা ভরম।
কৈতবিত বিমুখ বন্ধু অধম॥

আরত্রিক।

বসন্ত।

সুরধূনী পুলিনে গৌর আরতি।
গোধূলী হিল্লোল বহে মন্দগতি॥
কেলী-কল্লোলিনী কুলকুল গায়।
উত্তাল তরঙ্গে তীর বাজায়॥
শশী সনে তারারাজি দর্শন ভোর।
পি পি পারিষদ তৃষিত চকোর॥
সীতাপতি তাণ্ডব বামে শ্রীবাস।
করতাল মাদলে প্রেম উল্লাস॥
জয় জয় জগময় জীব উদ্ধারণ।
দুর্ব্বার দুর্দ্ধর্ষ বন্ধু বধির শ্রবন॥

আরত্রিক।

সুহই।

নবদ্বীপ তোরণে আরতি কীর্ত্তন।
প্রিয়সনে একাসনে রস কেতন॥
করে কর পরিকর প্রেম বেষ্টন।
রসাল করতাল মর্দ্দল গর্জ্জন॥
স্বরূপ অপরূপ দীপ শোভন।
আচার্য্য অনিবার্য্য দুর্জ্জয় নর্ত্তন॥
গদভাষ শ্রীবাস শুভস্তবন।
ভাব শ্রেষ্ঠ আবিষ্ট নিতাই লম্ফন॥
মহানন্দ মুকুন্দ পঞ্চম গীয়ন।
দন্তে তৃণ দীনাধিন বন্ধু লুণ্ঠন॥

তুলসী-আরত্রিক।

সুহিনী।

জয় জয় জয় গোবিন্দ দাসী তুলসী।
প্রেম ভক্তি, দান কর, আভীরী-রূপসী ॥

দাস্য স্বরূপিনী, সেবা সিমন্তিনী,
তাপ-তামস, নাশ, মানসে, পশি ॥

রঙ্গন-সঙ্গিনী, রস-তরঙ্গিনী,
করুণা কটাক্ষ কর কণ্ঠে বসি ॥

দৌত্য পদ্মিনী, কুঞ্জ অনীকিনী,
কৃষ্ণ কিঙ্কর কর কৈতবে ধসি ॥

বীরা বিগঙ্গিনী, গোরী গৌরবিনী,
বৃন্দা-পদারবিন্দ, বন্ধু-সরসী ॥

আরত্রিক-গোপাল।

গান্ধার।

গোধূলী-গোকুল, গোপ-গোপীকুল,
গোপাল-আরত্রিক-মগন রে॥

সৃখ্যাস্ফূট-কলী, রাখাল-মণ্ডলী,
অধীর-আবা-আবা-বেষ্টন রে॥

অভীরী-বালিকা, রুক্ম-পুত্তলিকা,
আগুলি হুলাহুলি নর্ত্তন রে॥

আবিষ্টা ধনিষ্ঠা, বাৎসল্য-নিষ্ঠা,
ওদন-নবনিত-সেবন রে॥

মাতা যশোমতি, স্নেহাপ্লূতা অতি,
মঙ্গল পঞ্চদীপ চন্দন রে॥

পিতা হরসিত, তাত তিরপিত,
মুগধ বন্ধু মন নয়ন রে॥

আরত্রিক—ভোগ।

কেদার।

এস গৌড়-গঙ্গন-গোরাশশী।
ও গৌরাঙ্গ, সাঙ্গোপাঙ্গে,
প্রিয় সঙ্গে, ভোজন, কর ব'সি ॥
এস এস গদাধর-গৌর কিশোর।
নিতাই অদ্বৈতচন্দ্র শ্রীবাস মোর ॥
শতদল বিমলে প্রসূন-আসন।
পরিকর নিকরে চামর ব্যাজন ॥
পক্কান্ন-ওদন-তক্র ফল ও জল।
আদরে উদর ভ'রে ভুক্তি-বিহ্বল ॥
কোরক-পালঙ্কে, অঙ্কে-প্রিয়-স্বরূপ।
চরণ-সেবন, বাসু-ভূগর্ভ-রূপ ॥
জয় জয় মহালস জীব-ভজন।
বন্ধু-বুদ্ধি,—ক্ষা-ঋদ্ধি,—মহা উদ্ধারণ ॥

প্রভাতি।

ভৈরবী।

জাগ জাগ, নগরবাসী, নিশি অবসান রে॥
গুরু গৌরাঙ্গ ব'লে, উঠরে কুতুহলে,
শীতল হবে মন প্রাণ রে॥
রাধা মাধব জয়, বল রে দুরাশয়,
হবে চিরশান্তির বিধান রে॥
রাধা গোবিন্দ নাম, গাওরে অবিরাম,
পরিনামে পাবে পরিত্রাণ রে॥
জয় রাধা মঙ্গল, বল রে অবিরল,
ধিক্ বন্ধু কুলিশ পাষাণ রে॥

প্রভাতি।

ভৈরবী।

উঠ উঠ কপট শঠ কুটীল কুজন রে॥
গৌরাঙ্গ গদাধর, স্মর রে ও পামর,
মূঢ় মুগ্ধ মায়া মগন রে॥

হরে কৃষ্ণ হারবে, হর রে রে কৈতবে,
যোষিৎ শয্যা ত্যাজ পণ রে॥

গোপী-গোপাল-গীতি, প্রাতঃ-পূজন-কৃতি,
গোষ্ঠ-গো-বৎস-পালন রে॥

কুঞ্জ-মিলন-রোল, কহ-সখী-হিন্দোল,
রে রে বন্ধু দুর্দ্ধর্ষ দূষণ রে॥

প্রভাতি।

ভৈরব।

জয় জয় জয় রে নিত্যানন্দ জয় ভব তারণ।
জয় পদ্মাবতীসুত অবধূত ত্রিতাপ হরণ॥
জয় গৌরাগ্রজ মহাভুজ ভানুজ বারণ।
জয় অঘহারি ভয় বারী ভকত জীবন॥
জয় বসুধা জাহ্নবানাথ অনাথ শরণ।
জয় আর্ত্তবন্ধু প্রেম সিন্ধু বন্ধু বিমোক্ষণ॥

প্রভাতি।

ভৈরব।

জয় জয় গৌরচন্দ্র জয় গদাধর।
প্রেমানন্দ নিত্যানন্দ পতিত ঈশ্বর॥
অভিরাম রঘুরাম শ্রীরাম শ্রীধর।
সীতানাথ শ্রীনাথ সার্ব্বভৌম ভাস্কর॥
জয় ছয় গোস্বামী হে গুনের সাগর।
জয় অষ্ট কবিরাজ করুণা আকর॥
জয় ছয় চক্রবর্ত্তী পণ্ডিত প্রবর।
জয় অষ্ট ব্রহ্মচারী প্রভু গুণধর॥
জয় চৌষাট্টি মহান্ত গৌর পরিকর।
জয় দ্বাদশ গোপাল বন্ধু ভারহর॥

প্রভাতি।

ললিত।

উঠ উঠরে, গুরু গৌরাঙ্গ ব'লে ;
প্রেমস্বরে, প্রাণ ভ'রে, কুতুহলে ॥
কর জোড়ে কাতরে, ডাকরে বিশ্বম্ভরে,
গৌর গদাধর জয় বল সকলে ॥
হারে রে ওরে ভাই, হের আর নিশা নাই,
গৌর নিত্যানন্দ নাম গাও বিহ্বলে ॥
ত্যাজরে মোহ ঘোর, মহা পাপ কঠোর,
হরি নামে, পরিনাম, রবে কুশলে ॥
তাপ-কর্ম্ম-বন্ধ-ফাঁস, আর-তাহে-অষ্টপাশ,
ভবসিন্ধু-পার-বন্ধু-হ'বে কি বলে ॥

বেলোয়ার।

গদাধর কাদম্বিনী অদ্বৈত অম্বরে।
চৈতন্য চাতক পিপি পিয়াসে সম্বরে॥
(প্রভু পিপি করে রে)

বহমানা বরষিতা, শ্রীবাস-মরুতে।
(মরু জাগিলরে)

ভরমে ভরিল ভৈমী ভারতী মরুতে॥
(ভিমা ভরিল মা)

নিতাই ক্ষণদা ঘন চমকে চতুর।
(কত সুন্দর বা)

অমা ঘোরে তরাসিত বন্ধু বিধুর॥
(পাপে পলাইত রে)

ইমনকল্যাণ।

হরিনামে হিন্দোলন শ্রীবাস অঙ্গন।
অভ্রভেদি ভীমনাদে অদ্বৈত গর্জ্জন॥
(মহাভাবে মত্ত রে)

তৃষিত চাতক-কণ্ঠে, মুকুন্দ গায়।
(কত মধুর রে)

মৃণাল মধুর ভুজ নিতাই ফিরায়॥
(গোরা-প্রেম ভরে রে)

বিশ্বম্ভর বেড়িয়া তুমুল কীর্ত্তন।
(জয় জয় জয় রে)

ত্রাক্ষীতল মাতিল বন্ধু অচেতন॥
(পাপ ঘুমে ঘোর রে)

সুরটমল্লার ।

নবদ্বীপ-নিশিথ-কীর্ত্তন মঙ্গল ।
অম্বর আবরি বাজে মধুর মাদল ॥
(রস মধুর রে)

আশা-শীরে, শেষ-গঞ্জন-ছত্র, রয় ।
(আহা কত শোভা রে)

উত্তান পতাকা-রাজি, পুষ্কর-ময় ॥
(গোরা-মঙ্গল রে)

পারিষদ-বেষ্টিত, বিশ্বম্ভর রায় ।
(জয় জয়-ময় রে)

কৈতব অধীর বন্ধু মুগধ নিদ্রায় ॥
(ছি ছি গতি নাই রে)

——(:o:)——

কল্যাণী।

নিশিথিনী-কীর্ত্তন, শ্রীবাস অঙ্গনে।
পরিকর-পূজন,—গৌর রঙ্গনে ॥
(কত রঙ্গভরে রে)
প্রাণ গদাধরে, ধ'রে, স্বরূপ সুধীর।
(ধীরে পাঁজরে রে)
দরশন-মননে,—অদ্বৈত অধীর ॥
(এই এই দশা বা)
মহানন্দ নিত্যানন্দ,—প্রেম-নিমগন।
(প্রেমে মাতিলরে)
কলুষিত কলঙ্কিত বন্ধু পতন ॥
(আর উদ্ধার নাই রে)

কেদার।

মহা প্রকাশ প্রভু শ্রীবাস অঙ্গনে।
অঙ্গন-অভিষেক, করে পুরজনে॥
(সব মঙ্গল রে)
প্রেমোল্লাস শ্রীবাস আবেশ অধীর।
(প্রেমে পাগল রে)
সীতাদ্বৈত চন্দ্রমসী নির্ঝরাক্ষি নীর॥
(ধরা ভে'ষে গেল রে)
হেম অঙ্গে, রাম সেবে,—মাল্য-চন্দন।
(অশ্রুজলে ভে'সে রে)
অন্ধাতুর হ্রকু বন্ধু পঙ্গু পতন॥
(আর উদ্ধার নাই রে)

জয়জয়ন্তি।

অঙ্গন তোরণে প'ড়ে চাপাল গোপাল।
চৈতন্য-বর্জ্জিত ;-ত্রাতা-শ্রীবাস দয়াল॥
(দয়ার সীমা নাই রে)
ব্যাধি-মুক্ত,—অশ্রুসিক্ত,-হরিনাম গায়।
(হরি হরি বলে রে)
হা হা মহাপ্রভু ব'লে, ধূলাতে লূটায়॥
(অঙ্গ, আছাড়িয়ে রে)
নিন্দুক-নিস্তার-নাম, ভরিল ভুবন।
(সবে সবে কও গো)
হিংনীয় তাপময়,—বন্ধু অভাজন॥
(ছি ছি দূর দূর রে)

গৌরী।

নিত্যানন্দ কুন্দিল, নগর কীর্ত্তন।
প্রদোষ-নদীয়া-বাট,—পূর্ণ রঙ্গন ॥
(কত কত রঙ্গ বা)
করতালে নাদিত মধুর মর্দ্দল।
(মধুর রে রে)
প্রেম প্রাবৃট ভরে ভরিল ভূতল ॥
(ধরা ভ'রে র'ল মা)
তুঙ্গ উল্লম্ফনে নাচে শ্রীগৌরাঙ্গরায়।
(জয় জয় জয় জয়)
উদ্ধার বিমুখ বন্ধু অঘোরে ঘুমায় ॥
(নাম-বৈমুখ রে)

পুরবী।

প্রদোষ-পুলিনে পুঙ্গ-প্রেমসংকীর্ত্তন।
গরজে-গৌরসিংহ-পাপী-দলন॥
(মহাতাণ্ডব রে)
অদূরে অদ্বৈতচন্দ্র শ্রীবাস বীর।
(ভয় ভয় ভয় ভয়)
হুহুঙ্কারে কম্পিত পাষণ্ডী প্রবীর॥
(হা হা পরাজিত মা)
চৌদ্দ ভুবনময় নিতাই বিক্রম।
(হা হা উদ্ধারিল বা)
নরকিত কৈতবিত বন্ধু অধম॥
(ছি ছি নিলয়গামী রে)

সারঙ্গ ।

কেশব কাশ্মীরী-জয়, প্রদোষ-পুলিনে ।
ধন্যবাদ-দৈন্য-স্তুতি-ভাষান্তর-লীনে ॥
(কত সাধে গো গো)
বিদ্যার্থি বেষ্টিত প্রভু বিশ্বম্ভররায় ।
(তারা ঘেরা চাঁদ রে)
দিগ্বিজয়ী দাম্ভীক ভীমনেত্রে চায় ॥
(গৌর সিংহ, দে'খে রে)
ছন্দ-বিচারে-হীন, ছোত্রাব্রত-হাঁস ।
(সব হাস্যময় রে)
বিমুগধ বৌদ্ধ বন্ধু দগ্ধ হতাশ ॥
(ত্রাণে ভয় ভয় র্য্যা)

কেদার।

শান্তিপুরে মহাপ্রভু, আচার্য্য-মন্দিরে।
পার্শদ্-রোরুদ্যমান,-রহে ঘি'রে ঘি'রে ॥
(চাঁদ ঘি'রে রয় গো)
সুত তরে শচীমাতা সর্ব্বতঃ বন্দন।
(মা গো মা মা মা মা)
অগ্রজ-আচার্য্য সহ, গোরার ভোজন ॥
(শোভা হ'ল হ'ল মা)
নিত্য নগরবাসী করে দরশন।
(অক্ষি উদ্ধার হল গো)
তাপ-ত্রাসে হৃকু বন্ধু পাপ পলায়ন ॥
(দূর দূর দূর দূর রে)

বেলোয়ার।

জয় শ্রীবাস চন্দ্র পাবনাবতার।
জয় সীতাপতি-প্রিয়, পাপী-নিস্তার॥
(সীতানাথের সখা হে)
জয় শ্রীচৈতন্যময় কীর্ত্তনাধার।
(কীর্ত্তনের প্রভু রে)
জয় বিশ্বরূপ-বিভু, বিশ্ব উদ্ধার॥
(তব জয় প্রভু রে)
জয় ভক্তিদান শ্রেষ্ঠ প্রেমাকুপার।
(এই না প্রেম নিধি রে)
তাপ মোহে তপ্ত রহে বন্ধু দুর্ব্বার॥
(তাপ দূর কর হে)

ইমনকল্যাণ।

জয় শান্তিপুরচন্দ্র সীতা-জীবন।
জয় শ্রীঅচ্যুত-তাত শ্রীবাস-মুঞ্জন ॥
(তোমার জয় হ'ক্ হে)
জয় হরিদাস-প্রভু প্রেম-কমন।
(ওহে প্রেমপ্রতিম হে)
জয় ভকত-পালন পাষণ্ডী-দলন ॥
(জয় পাপীর প্রভু গো)
জয় মাধুর্য্য-প্রতিম জীব-পাবন।
(মাধুর্য্যময় রে)
বন্ধু-সাধ-বিষাদ-ভব-মোচন ॥
(প্রভু চাও চাও হে)

সুরটমল্লার ।

জয় প্রাণ গদাধর গৌরাঙ্গজীবন ।
জয় স্বরূপ-সর্ব্বস্ব-মুকুন্দ-ভাবন ॥
(তুই-স্বরূপের-প্রাণ মা)
জয় নরহরি-নিধি সুধাংশুবদন ।
(ওহে চাঁদমুখ হে)
জয়-বাসু-প্রেম-ভাষ-রস-রঙ্গন ॥
(সবার জীবন ধন হে)
জয়-নরো-সন্তোষ-রঘু-কুন্দন ।
(নরোত্তমের-নিধি মা)
বন্ধু-বাঞ্ছা-বিভব-হৃদয়েরি ধন ॥
(জীবের সর্ব্বস্ব গো)

কল্যাণ।

নবদ্বীপ-গঞ্জন-শ্রীগৌরাঙ্গরায়।
প্রিয়-অঙ্গ-রঙ্গন-সঙ্গ অমিযায়॥
(আঁখি ঠারে চায় গো)
অনীকিনী রঙ্গিনী সুরধূনী ধায়।
(দরশনের আশা য়া)
ধূনী-নীরে নিঝরে অশ্রু মিশায়॥
(সব-হারা হ'য়ে মা)
গোরা হেরি নাগরী জলে ভাষায়।
(আজ্ পরাজিতা রাঃ)
অসাধে অপরাধি বন্ধু অমায়॥
(চির দূর দূর রে)

ইমন।

তুর্য্য প্রহরে জয় পাবন কীর্ত্তন ।
জগাই মাধাই পাতকী উদ্ধারণ ॥
(আজ্ শুভদিন রে)
মহাবীর-মুরারি-কারুণ্য-কল্যাণং ।
(মহাভাবে মত্ত রে)
পূর্ণানন্দ নিত্যানন্দ প্রফুল্ল বয়ান ॥
(চারুমুখে হাঁসি রে)
পরিকর-নিকর-পাতকী-গঞ্জন ।
(প্রেমে উদ্ধারিল গো)
নিলয়িত-নির্লজ্জ-বন্ধু-দুর্জ্জন ॥
(পাপে লুকাইল রে)

——(:o:)——

গান্ধার।

জয় জয় কৃপাময় কৃষ্ণ চৈতন্য।
পতিতপাবন প্রভু প্রেমদান ধন্য॥
(প্রভুর জয় জয় জয়)
জয় জয় নিত্যানন্দ উদ্ধার-সিদ্ধি।
(প্রভু দয়াময় রে)
অযাচিত দয়াধার আনন্দ ঋদ্ধি॥
(অযাচিত দান মা)
জয় জয় ক্ষেমচন্দ্র অচ্যুত-তাত।
(ওহে ভাব-নিধি রে)
হরিদাস শ্রীবাস পাষণ্ডী-পাত॥
(আমার প্রানধন হে)
জয়-জয়-গৌর-প্রিয়-প্রাণ-গদাধর।
(আমার সাধনের ধন হে)
উদ্দেশে শরণ বাসে বন্ধু পামর॥
(আমার আর নাই রে)

তিরোভা ।

জয় জয় প্রাণচন্দ্র নিত্যানন্দ রাম ।
কমন কারুণ্য নিধি আনন্দধাম ॥
(চাঁদ নিতাই আরে)
বীর-বসুধা-সখা-জাহ্নবা-জীবন ।
(আমার আনন্দ নিধি রে)
সন্তোষ-নরোত্তম-প্রেম-কুন্দন ॥
(মোর নয়নানন্দ রে)
জগাই মাধাই ত্রাতা পদ্মাবতী ধন ।
(প্রভু-ভব-ত্রাতা গো)
মঞ্জুল সরোজ-পদে বন্ধু-শরণ ॥
(জীবের এই সব গো)

ভুড়ি।

রে রে মাধাই আবার বল হরি বল।
হরিনামে পাপতনু হবে রে শীতল॥
(কত শীতল হ'বি রে)
উভভুজে অবধূত সাধে বারে বার।
(কত ক'রে সাধে রে)
অযাচিত উদ্ধারণ বাসিত সংসার॥
(যে'চে দয়াকরে রে)
কারুণ্য-প্রতিম মোর নিত্যানন্দ রাম।
(কারুণ্য নিধিরে)
দুষ্ট বন্ধু তুষ্ট দান নিলয় বিশ্রাম॥
(তোরে ধিক্ শত ধিক্)

কল্যাণী।

হা রে জগাই মাধাই হরে কৃষ্ণ বল।
ঘাত-বৃত্তি-পাপ-তৃপ্তি, হবে রে শীতল॥
(নিষ্পাপ হ'বি রে)
দয়াধার নিত্যানন্দ সাধে বারে বার।
(কত ক'রে সে'ধে রে)
বপু হেম ব'য়ে পড়ে কত অশ্রুধার॥
(যেন নির্ঝর রে)
আজানুলম্বিত ভুজ ভাবে উভায়।
(জয় জয় জয় জয়)
তাপ তপ্ত পাপ মত্ত বন্ধু দূরে যায়॥
(ছি ছি রে ছি ছি ধিক্)

মধ্য।

জয় নবদ্বীপময় নগর কীর্ত্তন।
চতুর্দ্দশ মর্দ্দল মহা হিন্দোলন॥
(মহাপ্রভুর জয় গো)
অঘোর অম্বর ভ'রি অদ্বৈত গর্জ্জন।
(মহাভাবে ভোর রে)
পারিষদ-তাণ্ডব, কাশ্যপী-কম্পন॥
(ধরা পুলকিতা গো)
বামে প্রিয়, মহাপ্রভু-প্রেম-নিমগন।
(রসে অলস রে)
অঘময় আর্ত্ত হ্নত বন্ধু দুর্জ্জন॥
(ধিক্ ধিক্ ধিক্ রে)

ভৈরব।

গঙ্গা-নীরে, গৌরচন্দ্র-উষাবগাহন।
কল্লোলিনী-মালিনী-করে-আবাহন॥
(দুই কর যু'ড়ে রে)
ধবলিম বীচিমালা ধোয়ায় চরণ।
(সুখের সীমা নাই মা)
উদ্বেলিত তরঙ্গে বন্দে হৃষ্ট মন॥
(প্রান নাথে পেয়ে মা)
মহোল্লাসে প্রেমে বাসে সেবন পূজন।
(কত সাধ ছিল মা)
হ্রীজিত দুর্ম্মুখ বন্ধু তামস-পতন॥
(দূর হও রে তুই)

কেদার।

সুরধুনী-পুলিনে গৌর গদাধর।
দক্ষিণে নিতাই হেম ছত্র ধর॥
(প্রেম-দাস্যের-ভাব গো)
কর জোড়ে শ্রীবাস শান্তিপুরেশ্বর।
(আখি ছল ছল রে)
শ্রীধর কমলাকর করে চামর॥
(ভাবে ডগমগ বা)
যুগল-মঙ্গল-রোলে-ফুল্ল অম্বর।
(ধরা ভ'রে গেল রে)
জয় জয়-বিশ্বময়-পুষ্প-বাদর॥
(সব কুসুমিত বা)
প্রেম গানে মগন প্রিয় পরিকর।
(সবে ভাবে ভোর গো)
বঞ্চিত বিদূরিত বন্ধু পামর॥
(আর গতি নাই রে)

মল্লার।

রাধা মাধব অই মাধবী তলায়।
কালিন্দী কলনাদিনী উজান যায়॥
(রূপে বাউড়ী হ'ল মা)
শুক-শারি-ময়ূরী,-মঙ্গল-গায়।
(মুখ চে'য়ে চে'য়ে মা)
কুরঙ্গিনী রঙ্গিনী ঢর ঢর চায়॥
(কত সাধে সাধে লো)
করে কর সহচরী ঘি'রে দাঁড়ায়।
(শোভার সীমা নাই মা)
কম্পিত স্মররতী ধরণী লোটায়॥
(সব ত্যাজ্য ক'রে লো)
প্রেমরোল অবিরল অম্বর ছায়।
(অভ্র আমোদিত মা)
বৈষ্ণবাপরাধি বন্ধু আভাস না পায়॥
(চির বঞ্চিত রে)

মেঘ।

খোল করতালে ভাই কর সংকীর্ত্তন।
গৌর নিত্যানন্দ ব'লে নাচ অনুক্ষণ॥
(জয় জয় গাও রে)
শ্রীরাধা গোবিন্দ জয় বল সর্ব্বজন।
(জয় জয় বল রে)
রাধা-কৃষ্ণ-নাম-রসে-হও-নিমগন॥
(নামে মত্ত হও রে)
অষ্টপাশ কারাবাস হবে রে মোচন।
(পরিনাম রবে গো)
বন্ধু বলে অবহেলে এড়াবি শমন॥
(আর ভয় নাই রে)

মেঘমল্লার ।

ডাকে রে করুণ স্বরে নিত্যানন্দ রায়।
কত মন্দাকিনী ধারা বুক ব'য়ে যায় ॥
(ধারার বিরাম নাই নাই)
আকর্ণ অরুণ আঁখি ঘূর্ণিত সদায় ।
(রসে ঢর ঢর রে)
হরি বোল প্রেম রোল অম্বর ছায় ॥
(জয় জয় জয় রে)
হরি ব'লে বিহ্বলে ট'লে বেড়ায় ।
(ভাবে মাতোয়ারা রে)
ভাবে ঢু'লে বাহু তু'লে ডাকে আয় আয় ॥
(প্রেম লও ব'লে রে)
হুহুঙ্কারে চরাচর চমকিত প্রায় ।
(ধরা ধন্যা হ'ল রে)
অসাধনে দুষ্ট বন্ধু এক বিন্দু চায় ॥
(মোয় ধর ধর হে)

সুরট।

হরিনামে মুক্ত পাপ জগাই মাধাই।
গৌর-পদে, করে দান, দয়াল নিতাই ॥
(দয়ার সীমা নাই রে)
আস্ফালন-কম্পন-মুরারি-গর্জ্জন।
(ধরা পুলকিতা রে)
ভক্তগন উচ্চারণ ঘন সংকীর্ত্তন ॥
(সবে জয় গাও গাও)
জয় নবদ্বীপময় পাপী উদ্ধার।
(সবে জয় গাও রে)
কোটরে লুক্কায়িত বন্ধু আঁধার ॥
(তোর এই দশা রে)

কেদার।

নগরে গৌরাঙ্গরায় কীর্ত্তন বিহ্বল।
নবদ্বীপ-দীপমালা-গোধূলী-মঙ্গল ॥
(জয় মঙ্গল মা)
রোষে শান্তিপুরনাথ করে হুহুঙ্কার।
(ভাবে টল মল রে)
আবরে শ্রীবাসচন্দ্র,-ভু-নিস্তার ॥
(কত আদরে রে)
প্রিয়গন নর্ত্তন তুমুল হিন্দোল।
(ধরা স্থখে ভরা রে)
টলমল ক্ষাতল খল বন্ধু লোল ॥
(তোরে ধিক্ শত ধিক্)

কেদার।

ওরে মাধাই বল গৌর হরিনাম।
পাপ-তাপ-পরিতাপে,-পাবি-বিরাম ॥
(আর চিন্তা নাই রে)
দয়ানিধি-নিত্যানন্দ-নির্ঝর-নয়ন।
(নিতাই কেবলি কাঁদে রে)
অমল বিহ্বল বপু সঘন কম্পন ॥
(ভাবে অবশ রে)
কর জোড়ে কাতরে বলে হরি বল।
(হরি বল বল রে)
বক্রগতি মন্দমতি মূঢ় বন্ধু খল ॥
(ধিক্ শত ধিক্ রে)

কাফি।

বল হরি বল মাধাই বল আবার।
ভুবন মঙ্গল নাম আনন্দ অপার ॥
(আনন্দ পাবি রে)
ক্ষেমচন্দ্র নিত্যানন্দ পাবনাবতার।
(এমন হয় না মা)
ঢল ঢল বিহ্বল বলে কত বার ॥
(কত কত বলে আ)
ত্রিসংসার পূরিল পাতকী নিস্তার।
(সুখের সীমা নাই মা)
তাপ-বিবরে রহে বন্ধু দুরাচার ॥
(তোর এই দশা রে)

গৌরী।

যমুনা পুলিনে কে মুরলী বাজায়।
পাগলিনী কমলিনী কাননে যায়॥
(প্রাণ নাথের অভিসারে মা)
নব নব ব্রজ বালা উল্লাসে ধায়।
(বাঁকা সখার বাঁশী শু'নে লো)
শাখী-শীরে-শুক-শারি-সপ্তম-গায়॥
(যুগল মিলন হ'বে ব'লে লো)
কুহরিল কোকিল তামাল শাখায়।
(মকরন্দ পি'বে ব'লে রে)
গুঞ্জরিল মধুপ মাধবী লতায়॥
(রাধাশ্যামের জয় দি'লে লো)

কুঞ্জদ্বারে কুরঙ্গিনী কাতরে চায়।

(রুণ্ রুণ্ রব শুনে রা)

কালিন্দীর কাল জল উজান প্রায়॥

(মদনমোহন রূপ হে'রে রে)

মধুর মলয়ানিল মন মজায়।

(সুখময় বৃন্দাবনে র্যাঃ)

বলে ছলে বিরলে বন্ধু ঐ অমায়॥

(পাপীর এই দশা বা)

আশাবরি।

কুসুম কাননে কে মা বাঁশী বাজায়।
বিনোদিনী উন্মাদিনী আনন্দে ধায়॥
(মুরলী শু'নে মা)

সহকারে কোকিল ডাকে উভরায়।
(মনসিজে দ'মে রে)

শিখী সনে শিখিনী নাচিয়া বেড়ায়॥
(যুগল হে'র্‌বে মা)

আহিরী কুমারীকুল আকুল প্রায়।
(কৃষ্ণ গন্ধ পে'য়ে রে)

মধুমত্ত মধুব্রত মধুর গায় ॥

(মহা মাতোয়ারা লো)

রাধাকুণ্ডে রাই সনে মিলন পায় ।

(রাধা শ্যামের জয়)

ধুরী বন্ধু নেহারি ধরণী লোটায় ॥

(রাধাকুণ্ড মিলন)

ধানশ্রী।

ও দয়াময় ॥

সপরিকরে কীর্ত্তনে হও এ'সে
উদয় হে।
প্রভু বিশ্বম্ভর হর ভার
হইয়ে সদয় হে ॥
এস গৌর নিত্যানন্দ,
স্মরণ কীর্ত্তন কন্দ হে ;
প্রভু দয়া ক'রে এ পামরে,
বিতর অভয় হে ॥
এস গৌর গদাধর, গৌরীদাস
গুণধর হে ;
এস স্বরূপ প্রবোধানন্দ,-
পতিত আশ্রয় হে ॥

ঐ শান্তিপুরেশ্বর, শ্রীধর
কমলাকর হে;
এস সার্ব্বভৌম ভাস্কর
ঠাকুর মহাশয় হে॥

এস মুরারি শ্রীবাস,
রামানন্দ হরিদাস হে;
এস মুকুন্দ কুমুদানন্দ
সর্ব্ব গুণময় হে॥

এস এস প্রভু মম,
রামচন্দ্র নরোত্তম হে,
এই বন্ধু ভনে ও চরণে
মতি যেন রয় হে॥

ধানশ্রী।

ও কু-পাবন ॥

সাঙ্গোপাঙ্গ সনে, কীর্ত্তনে,
কর আগমন হে।
প্রিয় গদাধরে, বামে ধ'রে,
দাও দরশন হে ॥
এস শ্রীশচী নন্দন,
বিষ্ণুপ্রিয়া-বিনোদন হে ;-
ঐ-সদানন্দ নিত্যানন্দ
অধম তারণ হে ॥
এস শ্রীবাস শ্রীরাম,
রামানন্দ অভিরাম হে ;-
এস এস শান্তিপুর নাথ
অনাথ শরণ হে ॥

এস গোবিন্দ শ্রীধর,
গৌরীদাস দামোদর হে,
এস স্বরূপ সুন্দরানন্দ
শিখি সুদর্শন হে ॥
এস রাঘব ভাস্কর,
পুরন্দর পীতাম্বর হে,
এস মুকুন্দ মুরারি হরি
রূপ সনাতন হে ॥
এস গৌর গদাধর,
সংকীর্ত্তনে নৃত্য কর হে,
তবন্ধু ভনে দরশনে,
জুড়াই জীবন হে ॥

গান্ধার।

গাও অবিরাম ॥

গভীর নাদে, বদনে,
রাধা কৃষ্ণ নাম গো।
বল গোপাল গোবিন্দ গিরিধারি
রাধা শ্যাম গো ॥

রাধে কৃষ্ণ রাধে রাধে,
গাও সবে মনসাধে গো ;—
রাই সনে একাসনে,
রসিত সুঠাম গো ॥

মাধব নন্দনন্দন,
হলী কালিন্দী ভেদন গো ;—
রোহিনী নয়ন সংকর্ষণ
বলরাম গো ॥

লবঙ্গ মধু মঙ্গল,
মহাবাহু মহাবল গো ;—
সুবল কুসুমাসব শ্রীদাম
সুদাম গো ॥

রাধাকুণ্ড বৃন্দাবন,
গিরিবর গোবর্দ্ধন গো ;—
যাবট শ্রীবৃষ্ণ ভানুপুর
নন্দগ্রাম গো ॥

শ্রীগুরু বৈষ্ণবে রতি,
সেবা বিশুদ্ধ ভকতি গো ;—
প্রভু বন্ধু বলে বাহু তু'লে চল
ব্রজধাম গো ॥

সুহিনী।

বল হরি বল ॥

শ্রীকরতালে বাজায়ে
মধুর মাদল রে।

প্রেমস্বরে প্রাণ ভ'রে
ঝ'রে অবিরল রে ॥

দু বাহু বিস্তার করি,
বল ভাই হরি হরি রে ;—

নামে মজি সদা ত্যাজি
মোহ হলাহল রে ॥

ভক্তি শাস্ত্র ভাগবত,
সার কর অবিরত রে ;—

অনাশক্তি শুদ্ধ ভক্তি
ভাব সুনির্ম্মল রে ॥

একাগ্রতা আনুগত্য,
সাধু গুরু সেবা সত্যরে ;—
আবাহন নিবেদন
শ্রবণ মঙ্গল রে ॥
কুঞ্জে কুঞ্জে করপুটে,
মুঞ্জ মাধুকরী লু'টে রে ;—
ঢর ঢর পাণ কর
যমুনার জল রে ॥
প্রভু বন্ধু দাস আশ,
বৃষ্ণ ভানুপুরে বাস রে ;—
রাধাকুণ্ড বৃন্দাবন
যাবট শীতল রে ॥

ইমন।

ঐ ছল ছল ॥

আমার গৌর নাচে

বদনে বলে হরি বল মা।

তালে তালে করতালে

বাজিছে মাদল মা ॥

কষিত কাঞ্চন কায়,

নখে শশী শোভা পায় মা ;

তরুণ অরুণ জিনি

শ্রীমুখ কমল মা ॥

পরিধান নীল বাস,

অধরে মধুর হাস মা ;—

হরিণ নয়নে ঝরে

প্রেম অশ্রুজল মা ॥

ধীর দ্বিরদ গমন,
বনফুল আভরণ মা ;—
মনি মতি মরকত
মকর কুণ্ডল মা ॥
সঙ্গে শান্তিপুরেশ্বর,
শ্রীধর কমলাকর মা ;
মহানন্দ নিত্যানন্দ
ভাবে ঢল ঢল মা ॥
প্রিয় ভক্তগণ সঙ্গে,
নাচে গোরা রঙ্গে ভঙ্গে মা ;—
দগ্ধ বন্ধু দাসে যাচে
ও পদ কমল মা ॥

সুরটমল্লার।

জয় নবঘন, নলিন নয়ন,
রসময় নটবর ;
নমুচি মোহন, নিকুঞ্জ শোভন,
প্রেমাকাশ সুধাকর ॥
ব্রজেন্দ্র নন্দন, বারিদ বন্দন,
বনমালী মনোহর ;
বীরজা রঞ্জন, গমন খঞ্জন,
গোপীনাথ দামোদর ॥
কলঙ্ক ভঞ্জন, কালীয় গঞ্জন,
যমুনা পুলিন চর ;
মায় বিনোদন, মুরলী বদন,
মানস তামস হর ॥
গোধন চারণ, গোপ গোপীধন,
মাধব ভুধর ধর ;
গোকুল ভূষণ, গোপাল তোষণ,
বন্ধু-প্রভু ক্ষেমেশ্বর ॥

কামোদ।

জয় বৃন্দাবন, আনন্দ কানন,
কেলী কদম্ব বিশাল;
কালীয় দমন, দাবাগ্নি মোক্ষণ,
ধীর সমীর তমাল ॥
জয় বংশীবট, যমুনা যাবট,
রাধাকুণ্ড গ্রাম শ্রাম ;
মধুর গোকুল, গোপ গোপীকুল,
নন্দগ্রাম ভানু ধাম ॥
জয় সংকর্ষণ, রোহিনী নন্দন,
বয়স্য রঞ্জন রাম ;
লবঙ্গ সুবল, শ্রীমধুমঙ্গল,
শ্রীদাম সুদাম দাম ॥

জয় মধুব্রত, রক্তক পত্রক,
চন্দ্রমুখ বিচক্ষণ ;
ধবলী শ্যামলী, মোহন মুরলী,
শৈলরাজ গোবর্দ্ধন ॥
নিকুঞ্জ পুলিন, কিশোর নবীন,
বিনোদ নন্দনন্দন ;
যশোদাজীবন, বিশ্বজন ধন,
বন্ধুমানস মোহন ॥

ইমন কল্যান।

জয় কমলিনী, কনক নলিনী,
কুঞ্জবন বিলাসিনী ;
কুঞ্জর গামিনী, কুঞ্চন চারিনী,
কুঞ্জবন বিলাসিনা ॥
মাধবী মালতী, মল্লী মধুমতী,
কমলা কলভাষিণী ;
কেলী কলাবতী, ভদ্রা স্বরস্বতী,
গুণ চূড়া গৌর সেনী ॥
জয় ইন্দুলেখা, শৈব্যা শশীরেখা,
ইন্দিরা রাগমঞ্জরী ;
চিত্রা মনোহরা, শ্রীচন্দ্রশেখরা,
নান্দি সুদেবীসুন্দরী ॥
হাহা প্রাণেশ্বরী, দেহ পদতরী,
বন্ধু জীবন রূপিনী ॥
হাহা শ্রীরাধিকা, শ্যাম প্রাণাধিকা,
বন্ধু স্মরণ বন্দিনী ॥

পাহেড়া।

ল'য়ে সাঙ্গোপাঙ্গ, এস শ্রীগৌরাঙ্গ,
চৌষাট্টি মহান্ত সনে ;
স্বরূপ প্রকাশি, সদানন্দে আশি,
নৃত্য কর সংকীর্ত্তনে ॥
এস ত্রানকারী, অষ্ট ব্রহ্মচারী,
ষড় গোস্বামী শ্রীবাস ;
প্রেম বরিষণে, পাতক নাশনে,
করুণা করহ প্রকাশ ॥
এস হে দয়াল, দ্বাদশ গোপাল,
গদাধর দামোদর ;
করতাল রঙ্গে, মধুর মৃদঙ্গে,
মত্ত কর চরাচর ॥
এস শান্তি-দীপ, শান্তিপুরাধিপ,
দয়ানিধি সীতাপতি ;
এস বন্ধুধন, জাহ্নবা জীবন,
নিত্যানন্দ বন্ধু গতি ॥

ঝুড়ী।

জয় নবদ্বীপ, ভারত প্রদীপ,
শান্তিপুরেশ শ্রীবাস ;
জগন্নাথ শচী, বিশ্বরূপ পচি,
সুরধূনী সূর্য্যদাস ॥
পতিত পাবন, পাতকী ভাবন,
গোরা করুণা নিধান ;
কনক বরণ, কমল নয়ন,
লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া প্রাণ ॥
জয় অবধূত, পদ্মাবতী সুত,
বসুধা জাহ্নবা ধন ;
রাম দামোদর, রূপ পুরন্দর,
রঘুনাথ সনাতন ॥
কেশব ভাস্কর, জীব যতিবর,
গোপী বল্লভ মাধব ;
গোপাল গোবিন্দ, গৌরভক্তবৃন্দ,
বন্ধু মরম বান্ধব ॥

ত্রিস্রোতা।

হরি হরি হরি ব'লে নাচে
গোরারায়।
সোনার বরণ অঙ্গ রে
নয়নজলে ভেসে যায়॥
হরিব'লে নাচেরে নিমাই;
বামে প্রিয় গদাধর দক্ষিণে নিতাই;
সঙ্গে রঙ্গে, প্রেম তরঙ্গে,
সঙ্গীগন নাচে গায়॥
নিত্যানন্দ ছাড়ে হুহুঙ্কার;
বহিল প্রেমের বন্যা খরতর ধার;
গলবাসে, গদভাষে,
পতিতে প্রেমে বিলায়॥
মহা রোলে মাতিল সংসার;
হরিনাম অবিরাম আনন্দ অপার;
বন্ধুভনে, ভক্তগণে
প্রেম বরষিয়া যায়॥

সুরট।

রাধা রাধা রাধা ব'লে কাঁদে
গোরা রায়।
আবেশে অবশ অঙ্গ রে
অরুণ নয়নে চায়॥
করতালে বাজে রে মাদল;
নিত্যানন্দ নাচে আর বলে হরি বল;
হে'লে দু'লে, বাহু তু'লে,
ডাকে সবে উভরায়॥
ভক্তবৃন্দ আনন্দে মগন;
গৌর গদাধরে ঘি'রে নাচে সর্ব্বজন;
প্রেম স্বরে প্রাণ ভ'রে
সবে হরি নাম গায়॥
হরি হরি রব নিরন্তর;
গরজে গভীরনাদে শান্তিপুরেশ্বর;
বন্ধু বলে ধরাতলে
প্রেমের বন্যা ভে'সে যায়॥

বিভাষ।

জাগ জীবন কিশোরী বিভাবরী
পোহাইল।
শাখী শীরে শারি শুক সুমধুর
ঝঙ্কারিল॥
[ঐ অলিকুল গুঞ্জরিল]
[ঐ পিককুল কুহরিল]
[রাই রাই লো]

কপোত কপোতীগণে, গাইছে প্রফুল্লমনে,
জাগরণে তারাসণে শশী আবাসে চলিল ;
[চাঁদ চলিল চলিল]
[নিশা জাগরণে]

কুমুদিনী বিষাদিনী মানে নয়ন মুদিল ;
[ঐ ভানু কিরণ ভাতিল]
[ঐ নলিনী সুখে হাঁসিল]
[ঐ উষাসতী প্রকাশিল]
[রাই জাগ লো লো]

পোহা'ল সুখযামিনী ; জাগ কানুকমলিনী ;
সুহাসিনী নিশিথিনী, কাল্ বশে লুকাইল ;
[ঐ আয়ান বনে আইল]
[ঐ মা ও মেয়ে চেঁচাইল]
[ঐ বন্ধু কপাট খুলিল]
[(রাই আয়, তুই)]

সিন্ধুরা।

নিমাই চাঁদ নে'চে যায় মা
বয়ান ভাষে নয়ন ধারায়।
রা রা রা রা রা রা ব'লে মা,
ধা ব'লে ধূলায় লুটায়॥
মুরতি মনোহর, যেন হেম গিরিবর;—
আবেশে অবশ অঙ্গ গমন মন্থর;
অনর্পিত প্রেম দিতে মা,
অবতীর্ণ নদীয়ায়॥
পাণি কোকনদ প্রায়,
ধ্বজবজ্রাঙ্কুশ তায়;
শুক-কম্বু-উলুক-
ধ্যানে নাহি পায়;
অমৃতা মালতীবৃন্দা মা,
বন্দে হৃদয়ে যাহায়॥

ত্যাজি অম্বর আসন,
নখে ক্ষীরদ নন্দন ;—
মকরন্দ পাণে মত্ত মধুকরগণ ;
হে'রে কটী পরিপাটি মা,
পশুরাজ লাজ পায় ॥

ভনে দগ্ধ বন্ধু দাস,
দেহ বৃন্দাবন বাস ;—
ওহে বিশ্বম্ভর হর মানস-তরাস ;
দিয়ে পরসাদ পুরাও সাধ মা,
থাকি চরণ ছায়ায় ॥

কল্যাণ।

ঐ রসময় ॥
কিশোরী সনে বসিয়ে
হে'সে কথা কয় মা।
নিধুবনে একাসনে
নিশিথ সময় মা ॥
শ্যাম নীল কান্তমণি,
রাই কণক বরণী মা
হিমাচলে যেন হেম লতার
আশ্রয় মা ॥
সুখময় বৃন্দাবন,
নব নব সম্মিলন মা ;
কাতরে কন্দর্প রতী
করজোড়ে রয় মা ॥

শ্যাম শত ইন্দিবর,
রাই কনক পুষ্কর মা ;
নব জলধরে যেন
দামিনী উদয় মা ॥

শারি শুক পিক গায়,
শিখিনী উল্লাসে ধায় মা ;
উজান যমুনা জল
কল কল বয় মা ॥

কুঞ্জে যুগল কিশোর,
কেলী রসাবেশে ভোর মা ;
বন্ধু ভনে সখীগণে
বলে জয় জয় মা ॥

কামোদ।

রাধা মাধব মোহন রা।
বিনোদ নিরদ বরণ রা॥
অমল কমল নয়ন রা।
রঞ্জন খঞ্জন গমন রা॥
কুসুম কুঙ্কুম ভূষণ রা।
আভীরী কুমারী জীবন রা॥
কিশোর, কিশোরী মুঞ্জন রা।
কুন্দন কালীয় দমন রা॥
গোপাল, রাখাল তোষণ রা।
গোবিন্দ শ্রীনন্দ নন্দন রা॥
সুন্দর ভুধর ধারণ রা।
বন্ধু মুগধ মোক্ষণ রা॥

মল্লার।

নিতাই নিতাই নিতাই ব’লে
চল নদীয়ায় ।
শচীর ঘরে নয়ন ভ’রে
হে’র্‌বি রে গৌরাঙ্গ রায় ॥

একাসনে গৌর গদাধর,
ললিত ত্রিভঙ্গ রূপ অতি মনোহর ;
রাশী রাশী রবী শশী রে
পদ নখে শোভাপায় ॥

পাশে সব পারীষদ গণ,
হরিদাস রামানন্দ রূপ সনাতন ;
প্রেমানন্দ নিত্যানন্দ রে
আবেশে অবশ কায় ॥

শোভে গৌরীদাস
গোবিন্দ গোপাল,
রামাই সুন্দরানন্দ
শ্রীবাস দয়াল ;
সীতানাথ রঘুনাথ রে
শ্রীজীব বন্ধু সহায় ॥

কল্যাণী।

গৌর গৌর বল রসনা।
যাবে ভব যাতনা॥
[গৌর গৌর বল]

পুষ্পবন্ত চৈতন্য নিতাই,
গৌরীদাস গদাধর রামাই নন্দাই ;
[বল হা গৌরাঙ্গ হা হা হা হা]
[গৌর গৌর গৌর গৌর]
[গৌর নাম কভু ভু'ল না ;-]
[গৌর প্রাণ গৌর]

সীতাপতী অদ্বৈত গোঁসাই ;
যে আনিল নবদ্বীপে নন্দের কানাই ;

[ঐ ! গুণের ! নাই ! মা ! তুলনা ;]
[দয়াল সীতানাথ]

শ্রীরাম শ্রীবাস ভক্তবর ;
যাহার আঙ্গিনার মাঝে নাচে বিশ্বম্ভর ;
[ঔ ! উদ্ধারণ ! কামনা ! ;]
[জয় জয় গোরা]

গুণসিন্ধু গৌর ভক্তগণ ;
নামে প্রেমে মাতাইল এ তিন ভুবন ;
[বন্ধু চায় করুণা-কনা ;]
[দয়া দয়া হে হে]

কাফি।

নিতাই নিতাই বল অনিবার।
তর্‌বি ভব-পারাবার॥
[নিতাই নিতাই বল]

নিত্যানন্দ পতিতপাবন,
যুগের দুর্লভ ধন করে বিতরণ;
[ঘরে ঘরে প্রেম যাচে রে]
সকলে করে নিস্তার
[ঐ প্রভু নিতাই]

প্রেম যাচে গল বসনে
কত মন্দাকিনী ধারা মৃগ নয়নে;
[আচণ্ডালে প্রেম যাচে রে]
করে না জাতি বিচার
[রাধা প্রেম দি'তে]

বাহু তু'লে ডাকেরে নিতাই,
এমন দয়াল প্রভু কভু দেখিনাই ;
[অযাচকে প্রেম যাচে রে]
যাচে জীবে বারে বার
[ধর লও বলে]

নাম নৌকা নিতাই কণ্ডারী,
ভারে ভারে যায় পারে পুরুষ নারী ;
[মুই পাপী পার কর হে]
বন্ধু দিল মা সাঁতার ;
[প্রভু ধর ধর]

জয়জয়ন্তি।

জয় নিত্যানন্দ গৌরচন্দ্র গদাধর ;
জয় বিশ্বরূপানুজ বিশ্বম্ভর ॥
জয় শচীসুত গৌরাঙ্গ সুন্দর ;
গুণের সাগর গোরা গমন কুঞ্জর ;
গলে বন ফুল হার নখে কোটী শশধর ॥

জয় সীতাপতি শান্তিপুরেশ্বর ;
যে আনিল গোরা নিধি ভুতল অক্ষর ;
জয় মুকুন্দ কুমুদানন্দ শ্রীস্বরূপ দামোদর ॥

হরিদাস শ্রীবাস ঈশ্বর,
গোবিন্দ পরমানন্দ বাসু শুক্লাম্বর ;
বন্ধু ধন ভক্তগণ ভব যাতনা-হর ॥

খাম্বাজঃ।

জয় নন্দনন্দন বংশীবদন দামোদর ;
দাসে দয়া কর শ্যামসুন্দর ॥

জয় বরজাঙ্গ যশোদাজীবন ;
গোবিন্দ গোকুলানন্দ মদনমোহন ;
জয় গোপেশ গোপীকাকান্ত
গিরি গোবর্দ্ধন ধর ॥

জয় রসময় রাধিকারঞ্জন,
নীরদ বরণ হরি রমনী মুঞ্জন ;
জয় যমুনা পুলিন চারী
রামানুজ নটবর ॥

জয় বনমালী কালীয় দমন
কমল নয়ন নীল কলঙ্ক ভঞ্জন ;
জয় বন্ধু প্রাণ মনোহর
মঞ্জুকুঞ্জ বন চর ॥

কানড়া।

এস সংকীর্ত্তনে বিশ্বরূপ বিশ্বম্ভর।
এস প্রেম দাতা নিত্যানন্দ ভব কর্ণধর॥

এস রূপ সনাতন, স্বরূপ রঘুনন্দন,
এস হরিদাস সীতানাথ শ্রীবাস শ্রীধর॥

এস রাম সুদর্শন, নরহরি নারায়ন,
এস মুরারি মুকুন্দ রঘুনাথ দামোদর॥

স্বীয় ভক্তগণ সনে, এস গৌর সংকীর্ত্তনে,
এস শ্রীগৌরাঙ্গ গদাধর বন্ধুর ঈশ্বর॥

কানড়া।

তোরা ! মা ! ভজ !

রাধা মদন গোপাল।

রুহিনী নন্দন রাম

বামে যশোদা দুলাল ॥

নবঘন শ্যাম, সুত্রিভঙ্গ বাঁকা ঠাম ;

নব নটবর রূপ জিনি কোটী কাম ;

চারু চাঁচর চিকুরে চূড়া

অধরে বেণু রসাল ॥

শ্রীমধুমঙ্গল, ব্রজরাখাল সকল ;

কিঙ্কিনী কুসুমাসব লবঙ্গ সুবল ;

বরূথপ বসুদাম

দাম সুদাম রাখাল ॥

অষ্ট গোপিনী, রাধা শ্যাম সঙ্গিনী;
গৌর সেনী সুকেশিনী কলভাষিণী;
নিধুবন কুঞ্জবন
কেলি কদম্ব বিশাল॥
রাধাকুণ্ড বৃন্দাবন ধূনী আনন্দ কানন;
রসবতী শ্রীমতির প্রেম নিকেতন;
রাধা পদ কোকনদ
যাচিছে বন্ধু কাঙ্গাল॥

বেনাবলি।

হরে কৃষ্ণ মুকুন্দ মাধব ;
তরিবি রে ভবার্ণব ॥
গোপাল গোবিন্দ গিরিধর ;
গোকুল গোপ বৈভব ॥
গোপীনাথ গোলোক ঈশ্বর ;
ব্রজ বালক বান্ধব ॥
মদন মোহন মনোহর ;
মোহন মুরলী রব ॥
সুবল মঙ্গল হলধর ;
কিঙ্কিনী কুসুমাসব ॥
বন্ধু বাঞ্ছা রাধা দামোদর ;
মোর ব্রজ সখী সব ॥

রামকেলী।

ঐ শ্যামরায় ॥

ত্রিভঙ্গ ঠামে, দাঁড়ায়ে ;
কদম্ব তলায় রে ॥

কটীতে কিঙ্কিনী সাজে,
চরণে নূপুর বাজে রে,
রাশী রাশী রাকা শশী,
নখে শোভা পায় রে ॥

কোকনদ পাণিতল,
কাণে মকর কুণ্ডল রে,
কামিনী মোহন চূড়া
বামেতে হেলায় রে ॥

যুগল মৃণাল করে,
অধরে মুরলী ধরে রে,
সাধা বাঁশী রাধা রাধা
বলে উভরায় রে ॥

বরণ চিকণ কালা,
গলে দোলে বনমালা রে,
আতঙ্কে অনঙ্গ রতী
ভুমে গড়ি যায় রে ॥

নীল নলিন নয়ন,
কেলী কদম্ব হেলন রে,
গুরু বন্ধু পাদপদ্মে
জীবন বিকায় রে ॥

ঝুড়ি।

ঐ গোরারায় ॥

নিতাই সনে, কীর্ত্তনে,
কৃষ্ণ নাম গায় মা ॥

রা রা রা রা রা রা ব'লে,
ধা বলি'তে পড়ে ঢ'লে মা ;—
পূর্ণিমার চন্দ্র যেন
ধূলাতে লুটায় মা ॥

রাধা প্রেমে মাখা তনু,
নয়নে অনঙ্গ ধনু মা ;—
কটাক্ষে কামিনী-কুল,
সাগরে ভাষায় মা ॥

আবেশে গৌরাঙ্গ রায়,
পড়ে মুকুন্দের গায় মা ;—
কত শত সুরধূনী
বুক্ ব'য়ে যায় মা ॥

ললিত ত্রিভঙ্গ ঠামে,
গদাধরে ল'য়ে বামে মা ; —
চরণে চরণ থু'য়ে,
হেলিয়া দাঁড়ায় মা ॥

চারিদিকে প্রিয়গণ,
করে জয় উচ্চারণ মা ;—
গুরু বন্ধু গৌর ব'লে,
নাচিয়া বেড়ায় মা ॥

ঝুড়ী।

ভজ রে অবোধ মন নন্দের কানাই।
নীলাম্বর হলধর সুন্দর বলাই॥

ভজ শ্রীদাম সুবল, লবঙ্গ মধুমঙ্গল,
কিঙ্কিনী কুসুমাসব রাখাল সবাই॥
ভজ গিরি গোবৰ্দ্ধন রাধাকুণ্ড বৃন্দাবন,
ললিতা বিশাখা বৃন্দা বিনোদিনী রাই॥
ভজ বৃষভানুপুর, নন্দগ্রাম সুমধুর,
যাবট দ্বাদশ বন বন্ধু বলে তাই॥

সারঙ্গ।

গাওরে গভীর নাদে রাধা কৃষ্ণ নাম।
সীর পাণি সংকর্ষণ কালিন্দী-ভেদন রাম॥

ভজ মুরলীবদন,
গোপী-জন-বিনোদন,
গোবিন্দ গোকুলানন্দ
বনমালী ঘন শ্যাম॥

ভজ মদন্ গোপাল,
নন্দ যশোদা দুলাল,
অর্জ্জুন কুসুমাসব
বরূথপ বসুদাম॥

ভজ ছয় মঞ্জরী,
রাই-সহচরী,
অষ্ট সখী চৌষট্টি
গোপিনী কি সুঠাম ॥

ভজ শ্রীরাস মণ্ডল,
গোপী কৃষ্ণ রঙ্গস্থল,
গুরু বন্ধু বলে, সবে মিলে,
গাও গুণ অবিরাম ॥

বেলোয়ার।

ভজ রে ভজ রে মন গিরিধারী।
নিকুঞ্জ কুসুম বন পুলিন চারী॥

ভজ শ্যাম নটবর, দামোদর মনোহর,
গোপাল গোবিন্দ হরি গোষ্ঠ বিহারি॥

ভজ বৃন্দবন কন্দ, কালিন্দী গোকুলানন্দ,
গোপেশ গোপিকাকান্ত কালীয় বারী॥

ভজ রাধাবিনোদন, মাধব বেণুবাদন,
বিনোদ বন্ধু মোক্ষণ রক্ষণ কারী॥

বেনাবলি।

ভজ রে আমার মন চৈতন্য গোঁসাই।
অযাচিত কৃপাকারী অদ্বৈত নিতাই ॥

ভজ গৌর গদাধর, গৌরীদাস শ্রীধর,
গোবিন্দ গোকুলানন্দ রামাই নন্দাই ॥

ভজ গৌর পরিকর, ভাস্কর কমলাকর,
শ্রীবাস সুন্দরানন্দ জগাই মাধাই ॥

ভজ গৌর বিশ্বম্ভর, লঙ্ঘিবে ভব সাগর,
প্রভু বন্ধু ভনে, ত্রিভুবনে,
অন্য গতি নাহিঁ ॥

পাহেড়া।

জ রে আমার মন শ্রীনন্দনন্দন।
তালাঙ্ক মুষলী-হলী-বল-কালিন্দী ভেদন॥

ভজ বংশীধারী, বিপিন বিহারি,
রসিক শেখর রসময় রমনী মোহন॥

ভজ রঞ্জনকারী, মুঞ্জ নিকুঞ্জচারী,
শ্যামসুন্দর দামোদর রাধিকারমন॥

ভজ কালীয় বারী, কেশীদানবহারী,
গোপীজন প্রাণধন নীল নলিন নয়ন॥

ভজ বক অঘারি, নিত্য-পুরুষ-ভারি;
প্রভু বন্ধু ভনে ও চরণে
রাখ রাধাবিনোদন॥

ললিত।

জয় জয় রসময় রাধা বিনোদন।
নটবর মনোহর মোহন বেণু বাদন॥

জয় ব্রজেন্দ্রনন্দন, বক অঘ নিসূদন,
মাধব ভূধর ধর ধীর দ্বিরদ গমন॥

জয় কলঙ্কভঞ্জন, খল কালীয় গঞ্জন,
রামানুজ সুরঞ্জন মুঞ্জ নিকুঞ্জশোভন॥

জয় দাবাগ্নি ভক্ষণ, গো রাখাল মোক্ষণ,
গোপ-পক্ষ গোকুল-রক্ষক গোপিকা-গঞ্জন॥

জয় রাধিকা-রমন, মীন কেতন দমন,
প্রভু বন্ধু বলে পদতলে স্থান দেহ অনুক্ষণ॥

খড়াখড়ী।

গাও রে আনন্দভরে হরে কৃষ্ণ নাম।
হরে কৃষ্ণ হরে রাম বল অবিরাম॥

করতাল মাদলে, নাচ হরি ব'লে,
হরিনামের আগে তুচ্ছ ধর্ম্ম অর্থ মোক্ষ কাম॥

গোপাল গোবিন্দহরে, গাও সবে প্রেমস্বরে,
দামোদর গিরিধর নবঘন শ্যাম॥

কর্ম্মকাণ্ড পরিহরি, প্রেমে বল হরি হরি,
বন্ধু বন্ধু ভনে হরিনামে পাবিরে বিরাম॥

মঙ্গল।

ভজ রে মন শ্রীনন্দদুলাল।
যশোদানন্দন লাল বাল গোপাল॥

ভজ রাম হলধর, কামপাল নীলাম্বর,
সুবল মধুমঙ্গল ব্রজ রাখাল॥

ভজ ধবলী শ্যামলী, বৎস গোধন সকলি,
পুলিন ধীর সমীর মাধবী তমাল॥

ভজ গিরি গোবর্দ্ধন, গোকুল দ্বাদশ বন,
বন্ধু গুরু বলে, কৃষ্ণ ব'লে, কাট মায়াজাল॥

সিন্ধু।

ডাকেরে করুণ স্বরে নিত্যানন্দ রায়।
প্রেম কে নিবি কে নিবি ব'লে,
ডাকিতেছে উভরায়॥
বিনা মূলে বিকা'ব, গোরা নিধি মিলা'ব,
হরি ব'লে, বাহু তু'লে,
কে কোথা র'য়েছিস্ আয়॥
আর চিন্তা নাই রে ভাই,
আয় গৌর গুণ গাই,
তোদের ভাগ্যে বিশ্বম্ভর, অবতীর্ণ নদীয়ায়॥
ভাই বল হরি বল, মোরে কর রে শীতল,
হরিব'লে, বিনামূলে, কি'নে লহরে আমায়॥
নিতাই ডাকে বারেবার, গেল সকল আঁধার,
প্রভু বন্ধু বলে, দীন ব'লে,
রাখ প্রভু রাঙ্গাপায়॥

সিন্ধুড়া।

হরিব'লে বাহুতু'লে, নাচেরে নিতাই।
দক্ষিণে আনন্দভরে—হা রে নিমাই॥
নাচে পণ্ডিত শ্রীবাস, নরহরি হরিদাস,
হুহুঙ্কারে ফি'রে ফি'রে
ডাকে অদ্বৈত গোঁসাই॥
নাচে গৌরগদাধর, মরি মরি মনোহর,
মুকুন্দ পুরুষোত্তম,
নাচে যাচে এক ঠাঁই॥
নাচে শ্রীধর শ্রীদাম, গৌরীদাস অভিরাম,
কত খোল করতাল বাজে,
আনন্দের আর সীমা নাই॥
নাচে গৌরভক্তগণ, ভাবাবেশে নিমগন,
প্রভু বন্ধু বলে, পদতলে,
প'ড়ে জীবন জুড়াই॥

নর্ত্তন।

ঐ নে'চে যায়।
দুটি বাহু নে'ড়ে কাতরে জীবেরে
লওয়ায় রে।
প্রেম কে নিবি কে নিবি ব'লে,
যাচিয়া বেড়ায় রে॥
আচণ্ডালে দিয়ে কোল,
বলে ভাই হরিবোল রে,
বিনামূলে বিকাইব ভজ
গোরা রায় রে॥
আয় আয় আয় ব'লে, ধে'য়ে
যে'তে পড়ে ট'লে রে,
এমন দয়ার নিধি আছে বা
কোথায় রে॥

ঘূর্ণিত আঁখি-অরুণ,
ঝরে বা,—কত বরুণ রে,
অসাধনে নিত্যধন অমনি
বিলায় রে ॥

গমন বন কঞ্জার,
করে ঘন হুহুঙ্কার রে,
পুলকে ত্রিলোক প্রেমে
নিমগন প্রায় রে ॥

সবে প্রফুল্ল অন্তর,
হরি নাম নিরন্তর রে,
বন্ধু বন্ধু অপরাধি ব'লে
বঞ্চিত কৃপায় রে ॥

ললিত।

দে মা দে, মা যশোদে, দে মা, সাজায়ে।
কানু, গোচারণে, যাবে বনে, বেণু বাজায়ে॥
দে মা, নীলমণি, বনে যা'বে অমনি,
ধবলী শ্যামলী কেলী দ্বারে দাঁড়া'য়ে॥
ল'য়ে সকল পাল, এ'ল সব রাখাল,
কানু বিনে মুখখানি গেছে শুখা'য়ে॥
কত বাড়িল বেলা, কিসে হবে বা খেলা,
কানুসনে যাই বনে ধেনু চরা'য়ে॥
দে মা নন্দরাণী, ইথে কি বা হানি,
বন্ধু ভনে, বটুগণে, ধরগে পায়ে॥

বিভাষ।

এ কিরে, কানাই ভাই, এ খেলা কেমন।
তুমি ননী খে'য়ে, ঠাকুর হ'য়ে,
ঘরে র'য়েছ যেমন ॥
এ'ল রাখাল সকল, তোরে ডাকিছে কেবল,
ধবলী শ্যামলী তোর দুয়ারে প'ড়ে এখন ॥
চল গোঠে চল, কত বেলা হ'ল,
তো বিহনে সখাগণে কেমনে করে গমন ॥
তোর না শু'নে বেণু, গোঠে যায় না ধেনু,
নিঝরে নয়ন ঝরে না হে'রে চন্দ্রবদন ॥
আয় আয় কানু আয়, আহা সময় যায়,
বন্ধুভনে হৃষ্টমনে কর গোষ্ঠ আয়োজন ॥

ভৈরব।

যাবি কি কাননে রে ভাই জীবন কানাই।
মায়ের কোলে ঠাকুর হ'য়ে তবে কেন
দে'খতে পাই॥
এ'ল উপরে ভানু, আয় আয় রে কানু,
আকুল রাখাল সব হাম্বারবে ডাকে গাই॥
যদি করিবি খেলা, কেন করিছ বেলা,
পুলিনে রাখাল মেলা কখন বা হবে ভাই॥
আয় বাঁশী বাজা'য়ে, তোরে দিব সাজা'য়ে,
সকালে সকলে মি'লে ফুল তুলিয়াছি তাই
গিয়ে কানন ঘোরে, রাজা করিব তোরে,
বন্ধুভনে ও চরণে চিরদিন দিও ঠাঁই॥

গৌরী।

আয় রে জীবনকানাই আয় ঘরে যাই।
পথপানে চে'য়ে বুঝি আছে যশোমতী মাই॥
আর বাঁশী বাজা'য়ে, পুর-জনে বাঁচা'য়ে,
বেণু শু'নে ধেনুগণে মিলিবে রে এক ঠাঁই॥
ব্রজবাসী সবে, বাঁচে বেণু রবে,
হেলে দু'লে সবে মি'লে মায়ের
কোলে ননী খাই॥
হের আর বেলা নাই, আয় আয় ঘরে যাই,
কানু ঘি'রে ফি'রে ফি'রে আয়রে ভাই সবাই।
ঘি'রে বনমালী, দেরে করতালী,
বন্ধু বন্ধুভনে দরশনে হ্লাদে কত সুখ পাই॥

গৌরী।

কৈ রে জীবনকানু ঘরে যাবি আয়।
তো বিহনে নন্দরাণী হ'ল পাগলিনী প্রায়॥
কানু ব্রজবাসীগণ, সব বিরস বদন,
কর বেণুধ্বনী নীলমণি সকলে পরাণ পায়॥
পথ নিরখি'য়ে, আছে আগুলি'য়ে,
ধ'রে ধনিষ্ঠার করে রাণী দুয়ারে দাঁড়ায়॥
পঞ্চ প্রদীপ-করে, পথ অপেক্ষা করে,
ল'য়ে মালা ব্রজবালা ঘন বনপানে চায়॥
হ'ল বেলা অবসান, রাম কানু ঘরে যান,
প্রভু বন্ধু বলে মাতৃকোলে
নীলমণি ননী খায়॥

সিন্ধুরা।

কে রে কাঙ্গালের বেশে যাচিয়া বেড়ায় ॥
প্রেমদাতা নিতাই বুঝি এ'সেছে
এই নদীয়ায় ॥
দুটি বাহু তুলিয়ে, ঐ যায় রে দুলিয়ে,
কাতরে বিনয় ক'রে কলীর
জীবেরে লওয়ায় ॥
বলে হরি বল ভাই, ওরে আর চিন্তা নাই
সকলের দুর্লভধন এ'নেছি কে নিবি আয়
এমন দয়াল অবতার,
ভবে হবার নয় রে আর,
আচণ্ডালে ল'য়ে কোলে নয়নজলে
ভাষে হায়।
প্রভু ছাড়ে হুহুঙ্কার, গেল কালের অধিকার
গুরু বন্ধু বলে ত্রিভুবন ভাষিল
প্রেমের বন্যায় ॥

শ্রীশ্রীপ্রভু জগদ্বন্ধু কৃত।
শ্রাবণ, ১৩০৭।
গ্রন্থ সমাপ্তি।